**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

**গভর্নর কুওমো প্রাথমিক পরিষেবার ক্লিনিকগুলোতে এবং হাসপাতালের জরুরি বিভাগগুলোতে মেডিকেশন সহায়ক সেবা ত্বরান্বিত এবং বৃদ্ধি করার জন্য 5.25 মিলিয়ন মার্কিন ডলারের অর্থ সাহায্য ঘোষণা করেন**

***সরকার অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রগুলোতে মেডিকেশন সহায়ক পরিষেবা এবং সংশ্লিষ্ট সেবা প্রদানের জন্য 3.5 মিলিয়ন মার্কিন ডলারের অর্থ সহায়তা বরাদ্দ করা হয়েছে***

***হাসপাতালের জরুরি বিভাগগুলোতে বুপ্রেনরফাইন (Buprenorphine) ইন্ডাকশন ত্বরান্বিত করার জন্য 1.75 মিলিয়ন মার্কিন ডলারের অর্থ সাহায্য প্রদান করা হয়েছে।***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো হাসপাতালের জরুরি বিভাগগুলোতে এবং প্রাথমিক পরিষেবার ক্লিনিকগুলোতে মেডিকেশন সহায়ক পরিষেবা ত্বরান্বিত এবং বৃদ্ধির জন্য আজ 5.25 মিলিয়ন মার্কিন ডলারের অর্থ সাহায্যের ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্কের অ্যালকোহল আসক্তি এবং মাদকদ্রব্য অপব্যবহার পরিষেবাদির অফিস (Office of Alcoholism and Substance Abuse Services, OASAS) কর্তৃক ইস্যুকৃত আবেদনের জন্য একগুচ্ছ অনুরোধের মাধ্যমে এই অর্থ সাহায্য প্রদান করা হয়েছে এবং মাদকদ্রব্য অপব্যবহার ও মানসিক স্বাস্থ্যসেবা প্রশাসন (Substance Abuse and Mental Health Services Administration, SAMHSA)-এর মাধ্যমে প্রদান করা হয়েছে।

"নিউ ইয়র্ক স্টেট মাদকদ্রব্য অপব্যবহারের ফলে আক্রান্ত নিউইয়র্কের প্রত্যেক অধিবাসীর আসক্তির চিকিৎসা এবং প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ", **গভর্নর কুওমো বলেন।** "এই গুরুত্বপূর্ণ অর্থ সাহায্য স্টেটজুড়ে জীবন রক্ষাকারী পরিষেবা প্রদানকে শক্তিশালী করবে এবং পুনরুদ্ধারের পথে জনগণকে সহায়তা করার জন্য আমাদের চলমান প্রচেষ্টাকে সাহায্য করবে।"

"এই তহবিল আফিম জাতীয় মহামারী (opioid epidemic) মোকাবেলার জন্য আমাদের কৌশলের এবং নিউ ইয়র্ক শহরের অধিবাসীদের প্রয়োজনীয় সাহায্য প্রাপ্তি নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক স্টেট হেরোইন এবং ওপিয়ড টাস্ক ফোর্স (NYS Heroin and Opioid Task Force) সহ-সভাপতি, যিনি আজকের ঘোষণাটি দিয়েছেন।** "পুরো স্টেটে অগণিত পরিবার আসক্তির দুঃখজনক পরিণতি অবলোকন করেছে। অ্যালকোহল আসক্তি এবং মাদকদ্রব্য অপব্যবহার পরিষেবাদির অফিস (OASAS) এবং মাদকদ্রব্য অপব্যবহার ও মানসিক স্বাস্থ্যসেবা প্রশাসন (SAMHSA)-এর সহায়তায় প্রতিটি অঞ্চলে স্বাস্থ্যসেবা সরবরাহকারীগণ এখন জীবন রক্ষাকারী ঔষধের চিকিৎসা এবং কার্যকর কৌশলগুলি ব্যবহার করতে পারবে।"

ঔষধ সহায়ক চিকিৎসা প্রদান করা (medication assisted treatment, MAT) দ্বারা মাদকদ্রব্য অপব্যবহার ব্যাধি চিকিৎসা করার জন্য শিক্ষা, আলোচনা এবং/অথবা আচরণগত প্রয়োজনীয় থেরাপির সমন্বয়ে ঔষধ ব্যবহার করাকে বুঝায়। নিউ ইয়র্কে ওপিয়ড ব্যবহার ব্যাধি (opioid use disorder, OUD) চিকিৎসার মানদণ্ড ম্যাট (MAT) এবং এটি নিরাপদ ও কার্যকরী।

"যথাযথ চিকিৎসা প্রাপ্তির অধিকার জীবন পরিবর্তনকারী এবং আরোগ্যলাভের ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ," **OASAS কমিশনার আর্লিন গঞ্জালেজ-সানচেজ বলেন।** "এই বরাদ্দগুলো গুরুত্বপূর্ণ পরিষেবা প্রাপ্তির সুবিধা প্রসারিত করবে এবং মাদকাসক্তির সাথে লড়াইরত ব্যক্তিদের জন্য সফল হতে ও সুস্থ জীবন অতিবাহিত করার জন্য প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করবে।"

এই উদ্যোগগুলির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট আসক্ত ব্যক্তিদের জন্য তাদের প্রয়োজনীয় পরিষেবাদি পাওয়ার সুযোগগুলি বাড়াতে থাকবে। **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ (New York State Department of Health)-এর কমিশনার ড. হাওয়ার্ড জুকার বলেন।** "প্রাথমিক চিকিৎসা ক্লিনিক এবং হাসপাতালের জরুরী বিভাগগুলিতে আসক্তির চিকিৎসার জন্য ঔষধ সরবরাহ করা আরোগ্যলাভের পথে মানুষকে পরিচালনা করার জন্য একটি নিরাপদ এবং কার্যকরী উপায়।"

আজ ঘোষিত উদ্যোগগুলি নিউইয়র্ক স্টেটের জন্য মাদকদ্রব্য অপব্যবহার এবং মানসিক স্বাস্থ্য পরিষেবা প্রশাসনের (SAMHSA) দ্বারা প্রদত্ত অনুদানের মাধ্যমে প্রদান করা হয়েছে। তারা অন্যান্য রাষ্ট্রীয় প্রচেষ্টার পরিপূরক এবং সাহায্যকারী, যেমন সারা দেশে অবস্থিত 12টি মাদক ব্যবহার ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র এবং ড্রাগ ইউজার হেলথ-এর নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথ এইডস ইন্সটিটিউট অফিস (AIDS Institute Office) দ্বারা পরিচালিত। কেন্দ্রগুলি MAT সহ যথাযথ স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য এবং আসক্তি পরিষেবাগুলির ক্ষেত্রে সমন্বিতভাবে যথাযথ প্রাপ্যতা এবং প্রবেশাধিকার উন্নত করে।

OASAS সরকার অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে (Federally Qualified Health Centers, FQHCs) 350,000 মার্কিন ডলার মূল্যমানের 10টি পুরস্কার প্রদান করছে যাতে কেন্দ্রগুলো ওপিয়ড ব্যবহারবিধি পরিষেবাগুলি বৃদ্ধি করতে সহায়তা প্রাপ্ত হয়, যেমন চিকিৎসকদেরব্যবস্থাপত্র প্রদানের ক্ষমতা বৃদ্ধি, কাউন্সেলিং, আচরণগত চিকিৎসা এবং পুনরুদ্ধারের সহায়তা। স্টাফদের খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA)-অনুমোদিত আসক্তির ঔষধ তিনটির সবগুলো ব্যবহারের প্রশিক্ষণ দেওয়া হবে। 10 টি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট রিজয়নের (Empire State Development Regions) প্রতিটিতে একটি FQHC -তে একটি করে পুরস্কার দেওয়া হবে। FQHC অন্তত একটি OASAS- প্রত্যয়িত প্রদানকারীর সাথে অর্থায়ন গ্রহণের জন্য অংশীদারি করতে হবে। নিম্নে প্রদত্ত FQHC প্রোগ্রাম গুলোকে নির্বাচিত করা হয়েছে পুরস্কারের জন্য, একই সাথে বন্ধনীর মধ্যে OASAS-প্রত্যায়িত প্রতিষ্ঠান গুলোর তালিকা দেওয়া আছে।

## রাজধানী জেলা

- সেনেকটাডি পরিবার স্বাস্থ্য সেবা শহর স্বাস্থ্য সেবা (Schenectady Family Health Services Hometown Health Centers) (কনিফার পার্ক)

## কেন্দ্রীয় নিউ ইয়র্ক

- ইস্ট হিল ফ্যামিলি মেডিকেল ইনকর্পোরেটেড (East Hill Family Medical Inc.) (অ্যালকোহল ও ড্রাগসের গোপনীয় সাহায্য (Confidential Help for Alcohol and Drugs))

## ফিঙ্গার লেকস

- ওক অরচার্ড হেলথ (Oak Orchard Health) (জেনেসি কাউন্সিল অন অ্যালকোহল ইজম অ্যান্ড সাবস্টেন্স অ্যাবিউজ (Genesee Council on Alcoholism and Substance Abuse))

## লং আইল্যান্ড

- লং আইল্যান্ড FQHC ইনকর্পোরেটেড (Long Island FQHC Inc.) (পরিবার এবং শিশু প্রতিষ্ঠান (Family and Children's Association) এবং পরিবার সহায়তা লীগ (Family Service League))

## মিড-হাডসন ভ্যালি

- হাডসন রিভার হেলথকেয়ার (Hudson River HealthCare) (লেক্সিংটন সেন্টার ফর রিকভারি (Lexington Center for Recovery))

## মোহক ভ্যালি

- রোচেস্টার প্রাথমিক পরিষেবা নেটওয়ার্ক (Rochester Primary Care Network) (বিকন সেন্টার (The Beacon Center))

## নিউ ইয়র্ক শহর

- জোসেফ পি আডাবোও পরিবার হেলথ সেন্টার (Joseph P Addabbo Family Health Center) (রেভকোর পুনরুদ্ধার কেন্দ্র (RevCore Recovery Center))
- লা ক্যাসা দে সালুদ ইনকর্পোরেটেড (La Casa De Salud Inc.) (PROMESA)

## সাউদার্ন টিয়ার

- ফিঙ্গার লেকস মাইগ্রেন্ট হেলথ কেয়ার প্রজেক্ট ইনকর্পোরেটেড (The Finger Lakes Migrant Health Care Project, Inc.) (ক্যাসা-ট্রিনিটি (CASA-Trinity))

## পশ্চিম নিউ ইয়র্ক

- প্রতিবেশি স্বাস্থ্য কেন্দ্র (Neighborhood Health Center) (সর্বোচ্চ ব্যবহারগত স্বাস্থ্য (Best Self Behavioral Health) এবং চিরসবুজ স্বাস্থ্য কেন্দ্র (Evergreen Health))

জরুরি বিভাগে আসক্তি চিকিৎসার জন্য বিউপ্রিনোরফিনের (Buprenorphine) প্রাপ্যতা বাড়ানোর জন্য প্রতিটিতে 350,000 মার্কিন ডলারের পাঁচটি বরাদ্দ দেওয়া হবে। জরুরি বিভাগগুলিতে MAT পরিচালনার ক্ষেত্রে জরুরি বিভাগের কর্মীদের প্রশিক্ষণের জন্য, ওপিওড অপব্যবহারের দৃষ্টান্তগুলো জানার জন্য কীভাবে তৎপরতা প্রদর্শন করতে হবে এবং প্রতিক্রিয়া জানাতে এবং সহকর্মী ও সম্প্রদায় ভিত্তিক চিকিত্সা সরবরাহকারীদের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য এবং কর্মীদের প্রশিক্ষণের জন্য একটি OASAS- প্রত্যয়িত বহিরাগত কর্মসূচির সাথে জরুরী বিভাগগুলি অংশীদারিত্ব করবে। পুরস্কার প্রদানের সময় পূরণ করা হয়নি এমন চাহিদাগুলোর প্রতি সর্বোচ্চ নজর দেওয়া হয়েছিল। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ হেলথের সাম্প্রতিক তহবিলের প্রদানের এই সুবিধাটি স্থানীয় 24টি স্বাস্থ্য বিভাগকে প্রদান করা হয়েছে যাতে বুপ্রেনরফাইন (Buprenorphine) এর প্রাপ্যতা বাড়ানো যায়, প্রতিটি বিভাগের জন্য প্রয়োজনীয় তাদের কাউন্টিতে দুটি সরবরাহকারী ওয়েভার প্রশিক্ষণের ব্যবস্থা করে।

তহবিল প্রদানের জন্য নিম্নলিখিত জরুরি বিভাগের কর্মসূচিগুলি নির্বাচন করা হয়েছে:

**লং আইল্যান্ড**

- লং আইল্যান্ড কমিউনিটি হাসপাতাল (Long Island Community Hospital)
- নর্থওয়েল স্বাস্থ্য (Northwell Health)
- সাউথ নাসাউ কমিউনিটি হাসপাতাল (South Nassau Community Hospital)

**মিড-হাডসন ভ্যালি**

- এলেনভিল আঞ্চলিক হাসপাতাল (Ellenville Regional Hospital)

**নিউ ইয়র্ক শহর**

- জ্যাকবি মেডিকেল সেন্টার (Jacobi Medical Center)

পদগ্রহণের পর থেকে, গভর্নর কুওমো আফিমজাত দ্রব্যের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছেন এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবাসহ আসক্তি সেবার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছেন। এই মহামারীর সাথে লড়াই করার জন্য, গভর্নর প্রথাগত সেবা সম্প্রসারিত করেছেন, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, আবাসিক চিকিৎসা প্রকল্প, ওষুধ প্রয়োগ সহযোগী চিকিৎসা, মোবাইল চিকিৎসা এবং পরিবহন সেবা।

2016 সালে গভর্নর কুওমোর হেরোইন টাস্ক ফোর্স নতুন, প্রথাগত নয় এমন সেবা সুপারিশ করে, যার মধ্যে ছিল নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার সেবা, 24/7 খোলা থাকে

এমন কেন্দ্র যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে, এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই যাতে প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

মানুষ যাতে আরও দ্রুত চিকিৎসা পেতে পারে সেই জন্য গভর্নর বীমা সীমাবদ্ধতা বাতিল, আফিমজাত প্রেসক্রিপশনের সময় 30 দিন থেকে সাত দিনে কমিয়ে আনা, প্রেসক্রাইবারদের প্রশিক্ষণ ও শিক্ষার উন্নতি আইনসম্মত করাসহ উন্নত সংবিধানিক ও নিয়ন্ত্রক আইন সংশোধন করেছেন। এছাড়াও রোগী নিয়ে দালালি এবং আসক্তির ভুয়া চিকিৎসার বিরুদ্ধেও গভর্নর কুওমো পদক্ষেপ নিয়েছেন।

এছাড়াও গভর্নর ন্যালোক্সন প্রশিক্ষণ ও সহজলভ্যতা বৃদ্ধি করেছেন, যার ফলে নিউ ইয়র্ক স্টেটের 300,000 এরও বেশি মানুষ আফিমজাত ওভারডোজ বিরোধ ওষুধ দিয়ে প্রশিক্ষিত ও সজ্জিত হচ্ছে। গভর্নর কুওমোর পদক্ষেপের কারণে, নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিগুলি এখন প্রেসক্রিপশন ছাড়াই ন্যালোক্সন দিতে পারছে।

নিজে বা নিজের কোনো প্রিয়জন আসক্তিতে ভুগছে এমন পরিস্থিতিতে নিউ ইয়র্কের বাসিন্দারা সাহায্য ও প্রত্যাশা খুঁজে পেতে পারেন স্টেটের টোলমুক্ত হোপলাইন 1-877-8-HOPENY (1-877-846-7369)-এ ফোন করে বা HOPENY (সংক্ষিপ্ত কোড 467369)- এ টেক্সটবার্তা পাঠিয়ে, লাইনটি সপ্তাহে 7 দিন এবং দিন-রাত 24 ঘন্টা খোলা থাকবে।

FindAddictionTreatment.ny.gov এর NYS OASAS চিকিৎসা প্রাপ্তি ড্যাশবোর্ড (Treatment Availability Dashboard) ব্যবহার করে বা NYS OASAS ওয়েবসাইট এর মাধ্যমে ইনপেশেন্টের সঙ্কট/ডিটক্স, কমিউনিটি আবাসন, বা আউটপেশেন্টের যত্নসহ আসক্তি চিকিৎসা পাওয়া যাবে।

আসক্তির লক্ষণ সম্পর্কে আরও জানতে, কীভাবে সাহায্য পেতে হয় তা দেখার জন্য, এবং প্রিয়জন ও কমিউনিটির সাথে আসক্তি নিয়ে কথোপকথন চালানোর জন্য প্রয়োজনীয় উপকরণ পেতে ভিজিট করুন CombatAddiction.ny.gov। অ্যালকোহল বা মাদক ব্যবহার প্রতিরোধ করার ব্যাপারে তরুণ কারো সাথে কথা বলার সাহায্যকারী উপকরণ পেতে, ভিজিট করুন স্টেটের টক2প্রিভেন্ট (Talk2Prevent) ওয়েবসাইট।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন